ঝিনাইদহ জেলা জাপা’র সভাপতি হলেন মেজর অব: মাহফুজুর রহমান

ঝিনাইদহ জেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে মেজর অব: মাহফুজুর রহমানকে দ্বায়িত্ব দেয়া হয়েছে। জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের স্বাক্ষরীত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। রাশেদ মাজমাদারকে দলীয় শৃংখলা ভঙ্গের অভিযোগে জেলা জাতীয় পার্টির সভাপতি পদসহ সকল কর্মকান্ড থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

আজ থেকে জেলা জাতীয় পাটির সিনিয়র সহ-সভাপতি মেজর অব: মাহফুজুর রহমান জেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতির দ্বায়িত্ব পালন করবেন।

মেজর অব: মাহফুজুর রহমান জেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতি নিযুক্ত হওয়ায় জাতীয় পার্টিসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

হরিণাকুণ্ডুতে সচেতনতা মূলক প্রশিক্ষণ ও চেক বিতরণ অনুষ্ঠিত

বয়স ১৮ না হলে বিবাহ নয় এই শর্ত পূরণকৃত কিশোরীদের উদ্দেশ্যে দারিদ্র্য মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থানের সহয়তা প্রকল্প ২য় পর্যায়ে ঐতিহ্যবাহি শিক্ষা প্রতিষ্ঠান আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) অর্থায়নে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ, সঞ্চয় ও প্রণোদনা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৫ নভেম্বর) দুপুরে অত্র বিদ্যালয়রে প্রধান শিক্ষক

মাসুদুল হক টিটুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা বি.এম তারিক-উজ-জামান। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারী। অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মেহেদী হাসান ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা আমজাদ হোসেন।

প্রশিক্ষণ শেষে আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয় ও লালন একাডেমির ৩৩ জন শিক্ষার্থীর মাঝে সঞ্চয় ও প্রণোদনার চেক এবং শিক্ষা ও স্বাস্থ্য উপকরণ বিতরণ করা হয়।

ঝিনাইদহের সাবেক দুই সংসদ সদস্যের অন্তর্বতীকালীন জামিন মঞ্জুর

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের নেতা ঝিনাইদহ-১ আসনের সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ার্দার ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমিকে অন্তর্বতীকালীন জামিন দিয়েছে আদালত। মামলার আগামী ধার্য্য দিন পর্যন্ত তাদের জামিন মঞ্জুর করা হয়েছে।

তাদের দু’জনের নামেই ঝিনাইদহ জেলা বিএনপির অফিস ও জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম.এ মজিদের বাসভবনে হামলা ও অগ্নিসংযোগের মামলা রয়েছে। এছাড়া তাহজিব আলম সিদ্দিকী সমির বিরুদ্ধে ১১ বছর আগে জামায়াত কর্মী আব্দুস সালাম হত্যা মামলা রয়েছে।

গত ১৩ সেপ্টেম্বর সাবেক সংসদ সদস্য নায়েব আলী জোয়ার্দারকে তার ঝিনাইদহের বাসা থেকে এবং গত ৮ নভেম্বর তাহজিব আলম সিদ্দিকী সমিকে ঢাকা থেকে র্যাব গ্রেপ্তার করে। এর পর থেকে তারা দু’জনই ঝিনাইদহ জেলা করাগারে ছিলেন।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন জানান তারা দুজনেই কারাগার থেকে ছাড়া পেয়েছেন।

হরিনাকুন্ডুতে রাতের আধারে বাড়িতে হামলা, ভাংচুর

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার দুর্লভপুর মাঝপাড়া গ্রামে মোহাম্মদ হাসানুজ্জামান নামের এক ব্যক্তির বাড়িতে গভীর রাতে হামলার ঘটনা ঘটেছে। এসময় ওই বাড়ির একটি মোটর সাইকেল, সেলাই মেশিন ও কিছু আসবাবপত্র ভাংচুরের ঘটনা ঘটে। তবে এ ঘটনায় এখনও থানায় কেউ অভিযোগ দেয়নি।

জানা যায়, গেল রাতে ওই গ্রাম থেকে রবিউল মন্ডল নামের এক ওয়ারেন্ট ভুক্ত আসামীকে গ্রেপ্তার করে হরিনাকুন্ডু থানা পুলিশ। এরপর ওই বাড়ি থেকে নাটোরের বড়াই গ্রাম থানার অপহরণ মামলার এক আসামী গ্রেপ্তার ও এক নারীকে উদ্ধার করা হয়। এ ঘটনার জেরে রবিউলের পরিবারের সদস্যরা, এবং তাদের সমর্থক গ্রামের পারুল মন্ডল, মাসুদসহ অন্যরা গেলরাত আড়াইটার দিকে পাশ্ববর্তি বাসিন্দা মোহাম্মদ হাসানুজ্জামানের বাড়িতে হামলা করে ভাংচুর করে। পরবর্তিতে বিষয়টি প্রকাশ করলে আবারো হামলার ভয় দেখিয়ে বেরিয়ে আসে হামলাকারীরা।

এদিকে ভুক্তভোগী মোহাম্মদ হাসানুজ্জামানের স্ত্রী সোনিয়া খাতুন অভিযোগ করে বলেন, তাদের জমির পাশের তিনটি মেহগনি গাছ প্রায় ১৬ দিন আগে কাটা হয়েছিল। পরে এই কাটা গাছ আনতে গেলে মোহাম্মদ হাসানুজ্জামানকে বাধা দেয় রবিউল মন্ডল, পারুল মন্ডল, মাসুদ পাতাসহ আরো অনেকে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে চাদা না পেয়ে রাতে তাদের বাড়িতে হামলার ঘটনা ঘটে। হামলাকারীরা বিএনপির রাজনীতির সাথে জড়িত বলেও দাবি তার ।

হরিনাকুন্ডু থানার ওসি এম এ রউফ খান বলেন, হামলার ঘটনাটি শুনেছি। তবে এ ব্যাপারে থানায় এখনও কেউ অভিযোগ করেনি। অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে ৪০ শতক জমির টমেটো ক্ষেত বিনষ্ট করে দিয়েছে দুবৃর্ত্তরা

ঝিনাইদহ পৌরসভার মুরারীদহ গ্রামে এক কৃষকের ৪০ শতক জমির টমেটো ক্ষেত বিনষ্ট করে দিয়েছে দুবৃর্ত্তরা। গতকাল শনিবার (২৩ নভেম্বর) গভীর রাতে গ্রামের জিকে তলার মাঠে কে বা কারা এ ঘটনা ঘটিয়েছে।

ক্ষতিগ্রস্থ কৃষক একই গ্রামের শাহ মোহাম্মদ আব্দুস সামাদ জানান, গ্রামের মাঠে তিনি ৪০ শতক জমিতে টমোটোর আবাদ করেছিলেন। গাছে ফুল ও ফল ধরতে শুরু করেছে। গতকাল শনিবার সকালে তিনি মাঠে গিয়ে দেখতে পান তার টমেটো ক্ষেত কে বা কারা বিনষ্ট করে দিয়েছে। গাছের জন্য দেওয়া মাচা কেটে দিয়েছে। এতে গাছগুলোও ক্ষতিগ্রস্থ হয়েছে।

ভুক্তভোগী কৃষক শাহ মোহাম্মদ আব্দুস সামাদ বলেন, গ্রামে কারো সাথে আমার কোন শত্রুতা নেই। আমি কারো এমন ক্ষতি করিনি যে তারা আমার ক্ষতি করবে। তবে আমি কয়েকদিন আগে একটা দুর্ঘটনার শালিসে স্বাক্ষী দিয়েছিলাম। আমি ধারণা করছি গ্রামের ঝন্টু মন্ডল নামের ওই ব্যক্তির বিরুদ্ধে স্বাক্ষী দেওয়ায় তিনি আমার এই ক্ষতি করেছে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, ফসল নষ্টের ব্যাপারে শুনেছি। ভুক্তভোগী অভিযোগ দিলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুরে মাছ আর ভেড়া চাষে

বদলে গেছে জামির হোসেনের পরিবার

মাছ আর ভেড়া চাষে বদলে গেছে জামির হোসেনের পরিবার। উদ্যোক্তাদের অনুকরণীয় হতে পারেন ওই পরিবারটি। প্রথমত স্বপ্ন থাকতে হবে, আর ওই স্বপ্ন বাস্তবায়ন করতে পারলেই সফলতা আসবেই বলে জানালেন উদ্যোক্তা জামির হোসেন । এই পরিবারটি বসবাস করেন কোটচাঁদপুর উপজেলার সংলগ্ন চুয়াডাঙ্গার বাটিকাডাঙ্গা গ্রামে।

জানা যায়, কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের ভোমরাডাঙ্গা বাজার। ওই বাজার সংলগ্ন গ্রামের বাসিন্দা জামির হোসেনের পরিবার। সে বাটিকাডাঙ্গা গ্রামের ওমর আলীর ছেলে। জামির হোসেন। বয়স ৩২ বছর।

তিন ভাই ও এক বোনের মধ্যে জামির হোসেন সবার ছোট। লেখা পড়া বেশি দুর করতে পারেনি সে। পরিবারের উপর অভিমান করে ২০০৬ সালের দিকে ঢাকা চলে যান জামির হোসেন। কাজ নেন গার্মেন্টসে। পাশাপাশি করতেন ব্যবসা। এভাবে চলে দীর্ঘ ১০ বছর।

এরপর ২০১৬ সালের দিকে বাড়িতে এসে ব্যবসার সাথে শুরু করেন মাছের চাষ। সেই থেকে আর পিছন ফিরে দেখতে হয়নি তাঁর। বর্তমানে ৯০ বিঘা পুকুরে মাছের চাষ করছেন জামির হোসেনের । এ ছাড়া ৯০ টি ভাড়া, গরু ও ছাগল রয়েছে তাদের ফার্মে। যা দেখা শোনো করেন পিতা ওমর আলী।

এ সব নিয়ে উদ্যোক্তাতা জামির হোসেন বলেন, তিন ভাই এক বোন আর পিতা-মাতা নিয়ে আমাদের পরিবার। পিতা ছিলেন দিন মুজুর। আমরা বড় হওয়ার পর লেখা পড়ার পাশাপাশি কাজ শুরু করি।

তবে কোন এক কারনে জীবনে লেখা পড়া বেশি দুর করা হয়নি। এরপর ২০০৬ সালের দিকে পরিবারের মানুষদের উপর অভিমান করে ঢাকা চলে যায়। ওখানে গিয়ে গার্মেন্টেসে কাজ শুরু করি। পাশাপাশি ছিল ব্যবসা।

২০১৬ সালের দিকে বাড়িতে ফিরে এসে ব্যবসার পাশাপাশি শুরু করি মাছের চাষ। ব্যবসা ও মাছ চাষের বিনিয়োগ নিয়ে প্রশ্ন করলে তিনি বলেন, ঢাকাতে থাকতে কিছু টাকা জমিয়ে ছিলাম। সেই টাকা দিয়ে প্রথমে ৩০ বিঘা পুকুর বর্গা নিয়ে চাষ শুরু করেছিলাম। গেল ৭ বছরে তা বেড়ে হয়েছে ৯০ বিঘা জমি। বর্তমানে আমি ওই ৯০ বিঘা জমিতে মাছে চাষ

করছি।

আর পিতা ওমর আলী আমাদের ছোট বেলা থেকেই ভেড়া চাষ করতেন। আমি শুনেছিলাম মাত্র ৫ টি ভেড়া পালন করতেন। এখন তাঁর খামারেও রয়েছে ছোট বড় ৯০ টি ভেড়া।

জামির হোসেন বলেন, বর্তমানে আমার আরো দুই ভাই আমির হোসেন ও জমির হোসেনও মাছ চাষের সঙ্গে যুক্ত হয়েছেন। তাদেরও রয়েছে পৃথক পুকুর।

ওই উদ্যোক্তা বলেন, এখন আমাদের পুরো পরিবারটি মাছ আর ভেড়া চাষ নিয়েই আছি। নতুন উদ্যোক্তাদের নিয়ে আমার কি পরামর্শ, এমন প্রশ্নে তিনি বলেন, প্রথমত স্বপ্ন থাকতে হবে,আর ওই স্বপ্ন বাস্তবায়ন করতে পারলেই সফলতা আসবেই।
তিনি আরো বলেন, স্বপ্ন দেখে যদি কেউ মোবাইল আর চায়ের দোকানে সময় নষ্ট করেন। তাহলে কোন দিন স্বপ্ন সফল হবে না। সফল হতে হলে স্বপ্ন বাস্তবায়নে কাজ করে যেতে হবে।

ওই গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল ওয়াদুদ হোসেন বলেন,ওমর আলী ছিলেন দিন মুজুর। তিন ছেলে আর এক মেয়ে তাঁর। প্রথম জীবনে তিনি দিন মুজুর করে জীবিকা চালাত। আর সেই সময় থেকে দুই একটা করে ভেড়ার চাষ করতেন। এখন অনেক ভেড়া রয়েছে তাঁর ঘরে।

এ ছাড়া জামির হোসেন নামের এক ছেলে ঢাকা থেকে ফিরে এসে শুরু করেন মাছের চাষ। আর সেটা দেখে অনুপ্রেনিত হয়ে আরো দুই ভাই আমির হোসেন ও জমির হোসেনও মাছ চাষ করছেন। এখন পুরো পরিবার মাছ আর ভেড়া চাষ করছেন। আর ওই চাষেই বদলে গেছে তাদের পরিবার এটা বলা যায়।

কোটচাঁদপুর উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম বলেন, আমি এই উপজেলায় নতুন যোগদান করেছি। সব জায়গায় এখনও যাওয়া হয়নি। এ ধরনের উদ্যোগকে অবশ্যই সাধুবাদ জানানো উচিত। আপনারা বিষয়টি বললেন,আমি অবশ্যই ওই এলাকায় গিয়ে খোঁজ খবর নিবো এবং আমার সাধ্যমত ওনার জন্য যা করার সেটা করবো।

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত শুরু

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত শুরু করেছেন (সিআইডি)। আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) ওই ঘটনার তদন্তে আসেন (সিআইডি) ঝিনাইদহ।

জানা যায়, ২০১৪ সালের ১ জানুয়ারি জামায়াত নেতা এনামুল হককে উপজেলা পরিষদ থেকে সাদা পোশাক ধারীরা তুলে নিয়ে যায়। ওইদিন এনামুল হক জামায়াত-সমর্থক চেয়ারম্যান প্রার্থী তাজুল ইসলামের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করতে গিয়ে অপহৃত হন। এরপর ২৬ জানুয়ারি কোটচাঁদপুর পৌর শহরের নাওদাগা গ্রামে তার গুলিবিদ্ধ লাশ পাওয়া যায়। দীর্ঘ ১০ বছর পর এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান বাদী হয়ে গেল ০১/০১/২৪ তারিখে ঝিনাইদহের আমলী আদালতে ১৯ জনকে আসামী করে মামলা দায়ের করেন। আদালত মামলাটি গ্রহণ করে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজ কে এজাহার হিসেবে রেকর্ড করার নির্দেশ দেন।

ওই মামলায় আসামি করা হয় ঝিনাইদহ ৩ আসনের সাবেক সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল, নবী নেওয়াজ, জেলা পুলিশ সুপার ,আলতাফ হোসেন (৫৬),জাহিদুল ইসলাম (৪৫), এস আই মিজানুর রহমান (৪৮), এস আই সৈয়দ আলী (৪৬), সমির কুমার (৪০), শফিকুল আজম খান চঞ্চল (৫৮), মিজানুর রহমান খান (৫৫), মতিয়ার রহমান (৪৫), কওছার আলী (৫০) আঃ মতিন (৬০), নজরুল ইসলাম নজু (৪৮), আঃ হান্নান (৫০), শরিফুন্নেছা মিকি, শেখ সোহেল আরমান (৪০), নবি নেওয়াজ (৬০), শফিকুর রহমান (৪৮), শাহাজান আলী (৬০), তাজুল ইসলাম (৬৩) , এনামুল (৪২)।

এনামুল হক ছিলেন কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া গ্রামে আব্দুল মালেকের ছেলে। আজ বৃহস্পতিবার মামলাটি তদন্তে আসেন ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ (সিআইডি) ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল ও মামলার তদন্ত কর্মকর্তা সিআইডি ইন্সেপেক্টর আব্দুর রহিম। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্য ছিলেন রাকিবুল ইসলাম ও মিজানুর রহমান।

এ ব্যাপারে ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী

কামাল বলেন, ওই ঘটনায় এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান গেল ০১/০১/২৪ তারিখে মামলা দায়ের করেন। এরপর মামলাটি এজাহার হিসেবে নিতে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজকে নির্দেশ দেন আদালত।

তিনি বলেন ওই মামলাটি থানায় এজাহার হওয়ার পর তা গেল ১৬/১০/২৪ তারিখে আদেশ পান তদন্তের। তাঁর ধারাবাহিকতায় তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর মামলা সম্পর্কে আরো বিস্তারিত বলা সম্ভব হবে বলেন ওই কর্মকর্তা।

ঝিনাইদহে পেঁয়াজ চাষ ও সংরক্ষণে কৃষক প্রশিক্ষণ

আধুনিক পদ্ধতিতে পেঁয়াজ চাষ ও তা সংরক্ষণ করতে ঝিনাইদহে কৃষকদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে।

আজ বুধবার (২০ নভেম্বর) সকালে শহরের এইড কমপ্লেক্স মিলনায়তনে এ প্রশিক্ষণের আয়োজন করে আশা’র এসএমএপি প্রকল্প। আশার জেলা ব্যবস্থাপক হাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আশার কুষ্টিয়া সি-এডিশনাল ডিভিশনাল ম্যানেজার রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক আনিচুজ্জামান।

প্রশিক্ষক ছিলেন শৈলকুপা উপজেলা কৃষি কর্মকর্তা আরিফুজ্জামান, আশা’র সিআরএম গোলজার হোসেন, সদর বিএম আবু সামা, টেকনিক্যাল অফিসার শাহিন শেখ, কিলোন চন্দ্র রায়।

দিনভর জেলার বিভিন্ন এলাকার ৩০ জন কৃষককে পেঁয়াজ চাষ ও তা সংরক্ষণের উপর প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে ৫ কেজি স্বর্ণের বারসহ আটক ২

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে ৫ কেজি ৪৭৮.৫৩ গ্রাম স্বর্ণেও ৪৬টি বারসহ ২ জনকে আটক বিজিবি। গতকাল সোমবার (১৮ নভেম্বর) বিকাল ৫টার দিকে এ স্বর্ণের বারসহ তাদেরকে আটক করা হয়।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮বিজিবি) এর পরিচালক আজিজুস শহীদ এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান, বিশেষ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানা যায় দুই জন চোরাকারবারী বাংলাদেশ হতে ভারতে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে মহেশপুরের সামান্ত এলাকা দিয়ে সীমান্তের দিকে গমন করবে, এরকম সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে গতকাল সোমবার (১৮ নভেম্বর) বিকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনায়কের দিক নির্দেশনায় সামান্তা বিওপি’র একটি চৌকষ টহল দল সীমান্ত পিলার ৫৯/৩-এস হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে রায়পুর গ্রামের মোঃ আলতাফ হোসেনের ধান ক্ষেতের মধ্যে অবস্থান করে। গোয়েন্দা তথ্যের বর্ণনা মোতাবেক আনুমানিক ৫টার দিকে ২ জন চোরাকারবারী পায়ে হেটে সীমান্তের দিকে যাওয়ার সময় টহল দল তাদের চ্যালেঞ্জ করলে চোরাকারবারীরা দৌড়ে পালানোর চেষ্টাকালে বিজিবি টহলদল কর্তৃক স্বর্ণ চোরাকারবারী মোঃ আব্দুল কাদের মন্ডল (৬০) ও মোঃ দুলাল (৪৮) কে আটক করে। পরবর্তীতে আটককৃতদের শরীর তল্লাশী করে কোমরে সুকৌশলে লুকানো অবস্থায় সর্বমোট ৪৬টি দেশীয় গলানো স্বর্ণের ফ্লাটবার পাওয়া যায়, যার ওজন-৫ কেজি ৪৭৮.৫৩ গ্রাম এবং আনুমানিক মূল্য ৫কোটি ৯৫ লক্ষ ৫৩ হাজার দুইশত দশ টাকা।

আটককৃতরা হলেন ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার রায়পুর গ্রামের মৃত রজব আলীর ছেলে মোঃ আব্দুল কাদের মন্ডল এবং একই গ্রামের মৃত ইয়ার আলীর ছেলে মোঃ দুলাল।

আটককৃতদের স্বর্ণের বার শুল্ক কর ফাঁকি দিয়ে মহেশপুর সীমান্ত দিয়ে ভারতে পাচারের জন্য বহন ও নিজ জিম্মায় রাখায় গ্রেফতার করে মহেশপুর থানায় মামলা দায়ের করা হয়েছে এবং স্বর্ণের বার ঝিনাইদহ ট্রেজারী অফিসে জমা দেওয়া হয়েছে।

ঝিনাইদহে মালয়েশিয়া প্রবাসীর জমি জোরপূর্বক দখলের চেষ্টা

ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের বাড়ীবাথান গ্রামে এক মালয়েশিয়া প্রবাসীর জমি জোরপুর্বক দখলের চেষ্টা করেছে এক ভুমিদস্যু। কেটে ফেলা হয়েছে জমিতে থাকা বাঁশ। গতকাল সোমবার বিকেলে বাড়ীবাথান গ্রামের বাজারপাড়ায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী প্রবাসী ছোটন মন্ডল জানান, পারিবারিক সুত্রে পাওয়া বাড়ীবাথান ১১৪ নং মৌজার আর এস রেকর্ডের ৪৫৭৬ নং দাগের ২৩ শতক জমি দীর্ঘ ৫০ বছরের বেশি সময় ধরে আমরা পরিবার ভোগদখল করে আসছে। আমি মালয়েশিয়ায় থাকি। আমার বাবার মৃত্যুর পর পরিবারটি আমি দেখাশোনা করি। সম্প্রতি আমার গ্রামের ভুমিদস্যু শাহজাহান মন্ডল আমার জমি দখলের চেষ্টা করে। আমাকে বলে আমি যেন তার নামে ওই জমি লিখে দিই। আমি প্রতিবাদ করায় তিনি সোমবার আমার জমিতে থাকা বাঁশ কেটে দিয়েছে। এছাড়াও তিনি জমি দখলের চেষ্টা করছে।

প্রতিবেশী আশরাফুল ইসলাম বলেন, শাহজাহান মন্ডল এর আগেও একজনের জমি দখল করার চেষ্টা করেছে। এক প্রতিবেশীর জমি দখল করতে তারও গাছ কেটে দেয় তারা। এই ভুমিদস্যু শাহজাহানের নামে আদালতে বেশ কয়েকটি মামলাও আছে।

এ ব্যাপারে অভিযুক্ত শাহজাহান বলেন, আমার বিরুদ্ধে যেসব অভিযোগ করা হচ্ছে তার কোন সত্যতা নেই। আমি কেন অন্যের জমি দখল করতে যাব।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, বাঁশ কাটার ব্যাপারে লিখিত অভিযোগ পেলে তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।